গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারী কলেজ,ফেনী
স্থাপিত: ১৯২২
ডাকঘর-ফেনী,উপজেলা-ফেনী,জেলা-ফেনী
ফোন : ০২৩৩৪৪-৭৪০৪৯
Website: www.fgc.gov.bd EIIN-106642, NU-4101 Email:fenigovcollege@yahoo.com

তারিখ : ২১/০৯/২০২৫খ্রি.

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি
## ভর্তি বিষয়ক ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ১৬ সেপ্টেম্বর বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১৫ অক্টোবর ২০২৫ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আবেদন ফরম পূরণ করে প্রি ন্ট নিতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ৪০০/- (চারশত) টাকা (কলেজ কর্তৃক নির্ধারিত https://billpay.sonalibank.com.bd/CollegeFee/Payment/Application?eiin=১০৬৬৪২ লিংকে প্রবেশ করে **ভর্তি ফরম এর রোল** ব্যবহার করে মোবাইল ব্যাংকিং অনলাইন ফান্ড ট্রান্সফার (সোনালী ব্যাংক লিমিটেড এর একাউন্ট টু একাউন্ট), সোনালী ই-ওয়ালেট, সোনালী ব্যাংক লিমিটেড এর ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ড, যে কোন ব্যাংকের ভিসা/মাস্টারকার্ড/এমেক্স কার্ড,নেক্সাস কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-বিকাশ/নগদ/রকেট/উপায়/ট্যাপ (Tap)/OK Wallet) যে কোন ১ টি ব্যবহার করে পেমেন্ট করতে হবে।

| ক্রমিক নং | বিভাগ | আসন সংখ্যা |
|---|---|---|
| ০১ | বিএ | ৩২৫ |
| ০২ | বিএসএস | ৭২৫ |
| ০৩ | বিবিএস | ৭২৫ |
| ০৪ | বিএসসি | ১৬৫ |
| | সর্বমোট | ১৯৪০ |

**ভর্তি কার্যক্রমে আবেদনকারীদের SSC ও HSC পরীক্ষার ফলাফলের ভিত্তিতে আলাদাভাবে কোর্সভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করা হবে।**

***১/ আবেদনের যোগ্যতা ও শর্তাবলী:***

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যে কোন শাখা থেকে ২০২০/২০২১/২০২২ সালের SSC/সমমান পরীক্ষা এবং ২০২২/২০২৩/২০২৪ সালের HSC/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র । ) এইচ.এস.সি. ( ভোকেশনাল) ii) এইচ.এস.সি. ( বিজনেস্ ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ-১ এর 'ক' নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

২) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২-২০২৩ অথবা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট প্রোগ্রামে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাক লে সে সকল শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) প্রোগ্রামে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) প্রোগ্রামে ভর্তি হতে পারবে।

৩) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল অথবা স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট প্রোগ্রামে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

৪) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর ছবি /কোন তথ্য ভুল অথবা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

➢ **২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদনের সময়সূচি:**

| **ক্রমিক** | **করণীয়** | **তারিখ** |
|---|---|---|
| ০১ | অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ: | ১৬/০৯/২০২৫ থেকে ১৫/১০/২০২৫ |
| ০২ | আবেদনকারী কর্তৃক প্রাথমিক আবেদন ফি বাবদ ৪০০/- (চারশত) টাকা সংশ্লিষ্ট কলেজের মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দেয়ার শেষ তারিখ: | ১৯/১০/২০২৫ দুপুর ১ : ০০ টা পর্যন্ত |
| ০৩ | **প্রাথমিক আবেদন এর কপি কলেজ অফিসে জমা দেয়ার প্রয়োজন নাই।** কলেজ থেকে নিশ্চায়ন মেসেজ না গেলে যোগাযোগের শেষ তারিখ | ১৯/১০/২০২৫ দুপুর ১ : ০০ টা পর্যন্ত |
| আবেদন ফি বাবদ ৪০০/- (চারশত) টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা না দিলে কোন শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে না। | | |
| **ভর্তি সংক্রান্ত যোগাযোগ: জনাব সাইফুল ইসলাম, হিসাব সহকারী, ডিগ্রি শাখা, মোবাইল : ০১৭১১০৭২৫৯৫** | | |

বিশেষ দ্রষ্টব্য : জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ভর্তির ফলাফল প্রকাশের পর ভর্তির ফি ও নিয়মাবলী পরবর্তী বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ, ফেনী